

মুজিববর্ষের অঙ্গীকার, শোভন কর্মপরিবেশ হোক সবার



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
প্রশাসন ও উন্নয়ন শাখা



সভাপতি শিবনাথ রায়
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ ৩০ জুলাই ২০২০
সভার সময় দুপুর ১২:০০ টা
স্থান মিনি কনফারেন্স রুম, প্রধান কার্যালয়
উপস্থিতি পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সূচনা করেন। আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস ২০২০” পালনের লক্ষ্যে দিকনির্দেশনামূলক আলোচনা করেন। সভাপতি আরও বলেন যে, দিবসটি ভাবগাম্ভীর্যপূর্ণ পরিবেশে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচীর অংশ হিসেবে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচীর সাথে সামঞ্জস্য রেখে অত্র দপ্তরের কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে। উপস্থিত সকলের বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত কর্মসূচি গৃহীত হয়ঃ

ক্রমিক নং	গৃহীত কর্মসূচি	বাস্তবায়নকারী
০১	জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সজ্জায় প্রধান কার্যালয় এবং ঢাকা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণ সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে ১৫ আগস্ট ২০২০ তারিখ সকাল ১০ টায় ধানমন্ডি মেট্রো শপিং মলের উত্তর-পশ্চিম কর্ণারে সমবেত হবেন।	প্রশাসন ও উন্নয়ন শাখা, প্রধান কার্যালয় ও ঢাকা কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ
০২	১৫ আগস্ট ২০২০ তারিখ সকাল ১০ টায় ধানমন্ডির ৩২নং রোডে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নেতৃত্বে পুষ্পসুবক	প্রশাসন ও উন্নয়ন শাখা, প্রধান কার্যালয় ও ঢাকা

	অর্পণ করা হবে। এতে অত্র অধিদপ্তরের প্রধান কার্যালয় ও উপমহাপরিদর্শকের কার্যালয়-ঢাকার কর্মকর্তা/কর্মচারীগণ সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণ করবেন। পুষ্পস্তবক অর্পণ অনুষ্ঠানে অংশগ্রহণের লক্ষ্যে ব্যানার/কালো ব্যাচ প্রস্তুত করতে হবে।	কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ
০৩	জাতির পিতার শাহাদাত বার্ষিকীতে শোক প্রকাশের জন্য সম্পূর্ণ আগস্ট মাসে অধিদপ্তরের সকলকে কালো ব্যাচ ধারণ করতে হবে। এলক্ষ্যে পর্যাপ্ত সংখ্যক কালো ব্যাচ প্রস্তুত ও সরবরাহ করতে হবে।	প্রশাসন ও উন্নয়ন শাখা ও অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ
০৪	জেলা পর্যায়ের অফিসগুলো স্থানীয় প্রশাসনের সাথে সামঞ্জস্য রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস ২০২০” পালন উপলক্ষ্যে প্রয়োজনীয় কর্মসূচি বাস্তবায়ন করবে।	উপমহাপরিদর্শক (সকল জেলা কার্যালয়)
০৫	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদাত বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ১৫ আগস্ট ২০২০ তারিখ বিকাল ৪.০০ টায় অত্র অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সভাকক্ষে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে আলোচনা ও দোয়া-মাহফিল এর আয়োজন করা হবে। এতে প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারি উপস্থিত থাকবেন।	প্রশাসন ও উন্নয়ন শাখা, প্রধান কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীবৃন্দ
০৬	প্রধান কার্যালয় ও সকল জেলা কার্যালয়ের দৃশ্যমান স্থানে “জাতীয় শোক দিবস ২০২০” উপলক্ষ্যে ব্যানার স্থাপন করতে হবে। দিবসটিতে প্রধান কার্যালয়সহ সকল জেলা কার্যালয়ের সামনে উত্তোলিত জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে।	প্রশাসন ও উন্নয়ন শাখা, উপমহাপরিদর্শক (সকল জেলা কার্যালয়)
০৭	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিব বর্ষ পালনের নিমিত্ত গৃহীত ঢাক, চট্টগ্রাম, গাজীপুর ও নারায়ণগঞ্জের শ্রম ঘন অঞ্চলে ও গুরুত্বপূর্ণ স্থানে শেখ মুজিবুর রহমানের জীবনের উপর ডকুমেন্টারি সম্প্রচারের কর্মসূচীটি ১৫ আগস্ট ২০২০, জাতীয় শোক দিবসে পালন করতে হবে।	উপমহাপরিদর্শক (ঢাকা/চট্টগ্রাম/গাজীপুর/নারায়ণগঞ্জ)
০৮	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস ২০২০” পালনের নিমিত্ত গৃহীত সকল কর্মসূচী অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করতে হবে।	আইসিটি সেল, প্রধান কার্যালয়
০৯	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৫ তম শাহাদাত বার্ষিকীতে “জাতীয় শোক দিবস ২০২০” পালনের নিমিত্ত পরবর্তী প্রস্তুতিমূলক সভা আগামী ০৬ আগস্ট ২০২০ তারিখ অনুষ্ঠিত হবে। জেলা কার্যালয়কে দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে ভিডিও কলের মাধ্যমে সকল উপমহাপরিদর্শকের সাথে ভার্চুয়াল সভার আয়োজন করতে হবে। ভার্চুয়াল সভা আয়োজনে অত্র অধিদপ্তরের আইসিটি সেল প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।	প্রশাসন ও উন্নয়ন শাখা, আইসিটি সেল, প্রধান কার্যালয়
১০	“জাতীয় শোক দিবস ২০২০” পালনের লক্ষ্যে সার্বিক কার্যক্রম মনিটরিং-এর লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হলোঃ	প্রশাসন ও উন্নয়ন শাখা, , প্রধান

০১। অতিরিক্ত মহাপরিদর্শক (আহ্বায়ক) ০২। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন/সেইফটি/সাধারণ/স্বাস্থ্য) ০৩। উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন/সেইফটি/সাধারণ/স্বাস্থ্য) ০৪। মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা ০৫। মোঃ আবুল হাজ্জাত সোহাগ, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) ০৬। মোঃ ফোরকান আহসান, তথ্য ও গণসংযোগ কর্মকর্তা ০৭। অনিরুদ্ধ মহালদার, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) প্রশাসন ও উন্নয়ন শাখা দ্বিতীয় এবিষয়ক অফিস আদেশ জারী করবেন।	কার্যালয়
---	-----------

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



শিবনাথ রায়
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০৬.০১৭.১৭.৫৮০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৭

৩০ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ২) যুগ্মমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৩) উপমহাপরিদর্শক (প্রশাসন ও উন্নয়ন/সেইফটি/সাধারণ/স্বাস্থ্য), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৪) উপমহাপরিদর্শক (সকল জেলা কার্যালয়), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
- ৫) সহকারী মহাপরিদর্শক/১ম শ্রেণির কর্মকর্তা (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ৬) শ্রম পরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭) সহকারী মহাপরিদর্শক (সেইফটি), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করবেন)
- ৮) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন ও উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর



শিবনাথ রায়
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)